# গোদাগাড়ী উপজেলা পরিষদের আগস্ট/২০২১ মাসে অনুষ্ঠিত ২৫তম সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ জাহাঙ্গীর আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গোদাগাড়ী, রাজশাহী

সভার তারিখ ও সময় ঃ ২৯ আগস্ট ২০২১, বেলা-১২.০০ ঘটিকা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, গোদাগাড়ী, রাজশাহী

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক', 'খ', 'গ' ও, 'ঘ'- তে সন্নিবেশিত

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১.০ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ঃ**

সভাপতির অনুমতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

০২.০ **উপজেলা পরিষদ সংক্রান্ত আলোচনা ঃ**

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ক. | উপজেলা পরিষদ | সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এছাড়া তিনি করোনা ভাইরাস হতে সমগ্র গোদাগাড়ী উপজেলা বাসীকে সচেতন থাকার আহবান জানান এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | করোনা ভাইরাস হতে পরিত্রাণ পাওয়ার লক্ষ্যে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল |
| খ. | উপজেলার ১৭টি কমিটির সভা সংক্রান্ত আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে উপজেলা পরিষদের ১৭টি কমিটি রয়েছে। কমিটি গুলোর সভা নিয়মিতভাবে আয়োজন করার জন্য ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাই চেয়ারম্যানকে অনুরোধ জানান। | উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী (২) সংশ্লিষ্ট দপ্তর প্রধান গোদাগাড়ী, রাজশাহী |

০৩.০ **বিভাগভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ** সভায় নিম্নোক্ত বিভাগ ভিত্তিক আলোচনা উপস্থাপিত হয়। সভাপতি এসডিজি ২০৩০ বাস্তবায়নে ১৭ টি লক্ষ্য অর্জনের ক্ষেত্রে প্রত্যেক বিভাগের জন্য প্রযোজ্য লক্ষ্য নির্ধারণ এবং তা অর্জনের বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করেন। অতঃপর সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণ কর্তৃক নিজ নিজ বিভাগের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থাপিত তথ্যাদি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩.১ | স্বাস্থ্য বিভাগ গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, জুলাই/২০২১ মাসে আউট ডোরে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৪২৬৫ জন, ভর্তি রোগীর সংখ্যা-২৫৬ জন, ইমারজেন্সীতে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৫২৭ জন, বেড অকোপেন্সি রেট ৭৯.৭০, যক্ষা রোগী-১৯ জন, কুষ্ঠ রোগী- ০০ জন, কালাজ্বর-০০, ল্যাব টেস্ট-১০৮, স্বাভাবিক ডেলিভারি-১৭ জন, জরায়ু মুখ ক্যান্সার পরীক্ষা-৩০ জন, ANC সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-১০২ জন, PNC সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৭১ জন, ইসিজি সেবাপ্রাপ্ত রোগীর- ১৬ জন, এক্স-রে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৩২ জন, টিকা প্রাপ্ত শিশু-৫০৫ জন, ৩৪টি সিসিতে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-২৪০৫১ জন, IMCI কর্ণারে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-১৬৮ জন, আউটডোরে-৪২৬৫ জনকে ঔষধ ও সেবা প্রদান করা হয়েছে। নভেল করোনা ভাইরাসের ৩৯৮টি স্যাম্পল পরীক্ষা করে নেগেটিভ ১৩৯টি এবং পজিটিভ ২৫৯ রোগী পাওয়া গেছে। এছাড়াও অন্যান্য | ৩ নম্বর | হাসপাতালের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি করাসহ নভেল করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং নভেল করোনা ভাইরাসের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | | | |
| ৩.২ | প্রাণিসম্পদ বিভাগ গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রমের মধ্যে গবাদিপশু ও হাঁসমুরগীর টিকা প্রদান, চিকিৎসা প্রদান ও বিভাগীয় অন্যান্য কার্যক্রমের পাশাপাশি প্রকল্পের কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি সভাকে আরো অবহিত করেন যে, সারা দেশের ন্যায় উপজেলায় পালিত গবাদিপশু দ্বারা কোরবানির চাহিদা পূরণ হয়েছে। এছাড়া সম্ভাব্য প্রাকৃতিক দূর্যোগ/বন্যা পরিস্থিতির কারণে সৃষ্ট ক্ষয়-ক্ষতির কবল থেকে প্রাণিসম্পদকে রক্ষার পূর্ব প্রস্তুতি হিসাবে দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে একটি ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়েছে। তাছাড়াও গবাদিপশু ও হাঁস-মুরগির যে কোন ধরনের সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ২ নম্বর | গবাদি পশু ও হাঁস-মুরগির কোন অস্বাভাবিক রোগের সংবাদ পাওয়া মাত্রই উপজেলা প্রাণিসম্পদ দপ্তরকে অবহিতকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোদাগাড়ী |
| ৩.৩ | কৃষি বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, চলতি মাসে ১২১২ হেক্টর জমিতে রোপা আমন বীজতলা তৈরী হয়েছে। তাছাড়া ২৪৭৯৫ হেক্টর জমিতে চলতি খরিফ-২ মৌসুমে শাক-সবজি ও মরিচ রোপন করা হয়েছে। চলতি খরিপ-১ মৌসুমে বিভিন্ন শাকসবজি, মূগ, তিল, কর্তন চলমান রয়েছে। ফলন আশানুরুপ হচ্ছে। কৃষক পর্যায়ে উন্নত মানের ধান, গম, পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় এবং রাজস্ব খাত প্রকল্পের আওতায় রোপা আমন প্রদর্শনীর বাস্তবায়ন করা হয়েছে। এনএটিপি-২ প্রকল্পের আওতায় সিআইজিভূক্ত চাষীসহ অন্যান্য প্রকল্পের বিভিন্ন প্রদর্শনী বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। চার ফসল শস্য বিন্যাস প্রকল্পের আমন ধান ও ভার্মি কম্পোস্ট এর প্রদর্শণী স্থাপন করা হয়েছে। বিভিন্ন ফসলের রোগ বালাই দমন, মাটির স্বাস্থ্য রক্ষার্থে খামারজাত সার ও ভার্মি কম্পোষ্ট উৎপাদন বিষয়ে চাষীদের বিভিন্ন পরামর্শ প্রদান করা হচ্ছে। কৃষক প্রশিক্ষণ দলীয় আলোচনা, কৃষক সমাবেশের মাধ্যমে চাষীদের বিভিন্ন ভাবে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। খরিফ/২০২১-২২ মৌসুমে গ্রীস্মকালীন পেঁয়াজ চাষে প্রনোদনা কর্মসূচীর আওতায় ২০০ জন কৃষককে এবং পাট বীজ উৎপাদনে প্রনোদনা কর্মসূচীর আওতায় ৩০জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ২ নম্বর | কৃষকদের সকল সহযোগিতা প্রদানসহ ফসলের চাষাবাদে আগ্রহ সৃষ্টি, রাসায়নিক সার ও কীটনাশক ঔষধের ঘাটতি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী রাজশাহী |
| ৩.৪ | উপজেলা মৎস্য বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, মাঠ পর্যায়ে মৎস্য চাষীদের পরামর্শ প্রদানের কাজ চলমান রয়েছে। মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন ২০১০ অনুযায়ী মৎস্য খাদ্যের লাইসেন্স নবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করা ছাড়াও মৎস্য দপ্তরের মাধ্যমে মাছ বাজার অভিযান, মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন, মৎস্য চাষীকে পরামর্শ প্রদান এবং নিয়মিত পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হচ্ছে। কোভিড-১৯ মহামারীতে চলমান বিধি-নিষেধে যেন মাছের আড়ৎ, মাছের খাদ্য দোকান, মাছ পরিবহন ও বাজারজাতকরণ যাতে বন্ধ না থাকে সেজন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান এবং ২৮ আগস্ট হতে ৩ সেপ্টেম্বর পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উপলক্ষ্যে ব্যপক প্রচার প্রচারনা, প্রমামাণ্য চিত্র প্রদর্শ, প্রশিক্ষণ, সভাসহ বিবিধ কার্যক্রম সম্মাদন করা হয়। এছাড়াও মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। | ১,২,১৩ ও ১৪ নম্বর | মাছের বাজারে নিয়মিতভাবে অভিযান পরিচালনা, মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন, মৎস্য চাষীদেরকে পরামর্শ প্রদান,মৎস্য বাজারে আগত জনসাধারণ যেন স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে বাজারে প্রবেশ করেন,সে বিষয়টি মনিটরিংয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.৫ | উপজেলা শিক্ষা অফিস, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ১৬৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের Google Meet এর মাধ্যমে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। প্রাথমিক শিক্ষা সমাপনি পরীক্ষা-২০২১ সালের ৫ম শ্রেণির সকল শিক্ষার্থীদের ডিআর (ডেসক্রিবটিভ রোল) এর কাজ কেন্দ্র ভিত্তিক প্রেরণ করা হয়েছে। ১৬৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাথমিক শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদান কার্যক্রমের ফরম পুরনের কাজ শুরু হয়েছে। বিদ্যালয় পর্যায়ে ভার্চুয়াল সভা চলমান রয়েছে। কোভিড-১৯ টিকা দান সক্রান্ত- ১৬৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৮২৭ জন শিক্ষককে কোভিড-১৯ টিকাদান সম্পন্ন করা হয়েছে। এপিএসসি/২০২১ কর্মসূচির আওতায় বার্ষিক প্রাথমিক বিদ্যালয় ই-শুমারি (এপিএসসি) কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৪ নম্বর | শিক্ষা দপ্তরের যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, গোদাগাড়ী রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩.৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, উপজেলাধীন সকল মাদ্রাসায় ও মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়ে "বঙ্গবন্ধু বর্ষে বৃক্ষ রোপন-পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত প্রজেক্ট শিখন কার্যক্রম বাস্তবায়নের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। কোভিড-১৯ অতি মহামারির কারনে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণী কক্ষ ও বাথরুমসহ বিদ্যালয়ের আঙ্গিনা পরিস্কার পরিস্কার করার জন্য অত্র কার্যালয় হতে তাগিদ পত্র দেওয়া হয়েছে। বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজের এ্যাসাইনমেন্ট এর কাজ চলমান। সকল শিক্ষার্থীর ইউনিক আইডি প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান ও আইসিটি শিক্ষকদের নামের তালিকা ব্যানবেইস, ঢাকা এর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। শিক্ষার্থীদের বার্ষিক ক্রীড়া কর্মসূচী ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। মাদ্রাসা অধিদপ্তর, ঢাকা এর চাহিত পত্রের আলোকে কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে মৃত্যবরণকারী শিক্ষক/কর্মচারীদের তথ্য চেয়ে পত্র দেওয়া হয়েছে। অনলাইনে শিক্ষক/কর্মচারীদের নামের বানান সংশোধন এবং এমপিও সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। আগামী ১৫ আগস্ট/২০২১ উপলক্ষে সমাজিক দুরুত্ব বজায় রেখে যথাযথ মর্যাদায় সাথে পালন ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে ড্রপ ব্যানার ঝুলানোর নির্দেশনা দেয়া হয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের কোভিড-১৯ এর টিকা গ্রহণের জন্য পত্র দেয়া হয়েছে। এছাড়াও দাপ্তরিক সকল কার্যাদি সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৪ নম্বর | মাধ্যমিক শিক্ষা দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.৭ | মহিলা বিষয়ক অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২১-২২ ভিজিডি চক্রের আগস্ট/২০২১ মাসের পুষ্টি চালের অর্পনাদেশ প্রদান করা হয়েছে এবং বিতরণ সম্পন্ন হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ৯টি ইউনিয়ন ও ২টি পৌরসভার জুলাই/২০২১ মাস পর্যন্ত সর্বমোট ৭৪০৩ জনের ভাতাভোগী চূড়ান্ত করা হবে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও মানব পাচার প্রতিরোধ কমিটির কার্যক্রমের জুলাই/২০২১ মাসে করোনা ভাইরাসের কারনে গোদাগাড়ী, মোহনপুর, পাকড়ী, বাসুদেবপুর ও চর আষাড়িয়াদহ ইউপি হতে কমিটির রেজুলেশনসহ প্রতিবেদন পাওয়া গেছে অবশিষ্ট রিশিকুল, গোগ্রাম, মাটিকাটা ও দেওপাড়া ইউপির রেজুলেশনসহ প্রতিবেদন পাওয়া যায়নি। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম জুলাই/২০২১ মাসে ৪০জন মহিলাদের মাঝে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বর্ণিত মাসে ক্ষুদ্রঋণ আদায়ের পরিমাণ ৫,,২৪০/- টাকা। উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্পের ১১তম ব্যাচের ট্রেইলারিং ও বিউটিফিকেশন প্রশিক্ষণ কোর্সে ২৫ জন করে মোট ৫০জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম ১১/০৮/২০২১ তারিখ হতে শুরু হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম ১৯/০৮/২০২১ তারিখ হতে শুরু হয়েছে। বাল্যবিবাহ, যৌতুক, যৌন হয়রানী ও মানব পাচার প্রতিরোধের লক্ষ্যে জনসচেতনতা সৃষ্টির জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। করোনা ভাইরাসের কারনে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক জুলাই/২০২১ মাসে কোন উঠান বৈঠক হয়নি। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ১,২ও ৫ নম্বর | মহিলা বিষয়ক অধিদপ্তরের যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| ৩.৮ | পরিবার পরিকল্পনা বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, আগস্ট/২০২১ পর্যন্ত গোদাগাড়ী উপজেলায় সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ৭৩৫১০ জন এবং উপজেলার জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারী ৬০৫৮৬ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর.) ৮২.৪২%। জুলাই/২০২১ মাসে গোদাগাড়ী উপজেলায় পরিবার পরিকল্পনা কার্যক্রমের বিতরণ ও সম্পাদন বিষয়ক প্রতিবেদন নিম্নরূপ: খাবার বড়ি-১৭৪৪৯ চক্র, কনডম-৪৯১৭১ পিস, ইনজেকটেবল-২৭০৫ ভায়াল, স্থায়ী পদ্ধতি-১৭ জন, ই.সি.পি-৬, কপারটি-৫, ইমপ্ল্যান্ট-১০জন, স্বাভাবিক প্রসব-১০৭ জন এবং সিজার-৭৩ জন। আশ্রয়ণ/আবাসনসহ উপজেলার সকল ইউনিয়নের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরে কল সেন্টার "সুখি পরিবার" (১৬৭৬৭) চালু করে সার্বক্ষণিক (২৪ ঘন্টা/৭দিন) মা-শিশু স্বাস্থ্য প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ৩ নম্বর | পরিবার পরিকল্পনা বিভাগীয় বিভিন্ন ধরনের সেবা কার্যক্রমে সহযোগিতা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.৯ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের আওতায় বিভিন্ন ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত ও বাস্তবায়নের জন্য অনুমোদিত প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটির তালিকা "পরিশিষ্ট ঘ" তে উল্লিখিত। এছাড়াও তাঁর দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ১,২,৮, ৯ ও ১১ নম্বর | ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও রাজস্ব উদ্বৃত্ত (এডিপি) এর আওতায় বিভিন্ন ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটির তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩.১০ | যুব উন্নয়ন বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, (ক) ঋণ কর্মসূচি (গ্রুপ) পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী- তে বিতরণ নাই। ক্রমপুঞ্জিত বিতরণ- ৫,৯২,৫৬,০০/- টাকা, চলতি মাসে আদায়যোগ্য- ৩৮,৪০০/- টাকা, চলতি মাসে আদায়কৃত- নাই, আদায়ের হার- নাই, চলতি বছরে আদায়যোগ্য- ৩৮,৪০০/- টাকা, চলতি বছরে আদায়কৃত- নাই, আদায়ের হার- নাই, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ৫,৮৯,১২,৪২৬/- টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত- ৫,৭৪,৫৯,৬২৪/- টাকা, আদায়ের হার- ৯৮%, চলতি মাসে খেলাপী আদায় হয়নি। মাস শেষে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমান- নাই। পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচির আওতায় চলতি মাসে ঋণ বিতরণ- ১৩,৫০,৬৭৬। (খ) ঋণ কর্মসূচী (আত্নকর্মসংস্থান)- চলতি মাসে বিতরণ হয়নি, চলতি বছরে বিতরণ- হয়নি, ক্রমপুঞ্জিত বিতরণ- ৩,৬২,৭৪,০০০/- টাকা, চলতি মাসের আদায়কৃত- হয়নি, আদায়ের হার- নাই, চলতি বছরে আদায়যোগ্য- ২৫,৫৯,৫৩৫/- টাকা, চলতি বছরে আদায়কৃত- ২৫,৯,৫৩৫, আদায়ের হার- নাই, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ৩,১০,৮২,৮২১/- টাকা, আদায়ের হার- ৯২%, চলতি মাসে খেলাপী আদায় হয়নি। মাস শেষে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ- ৮,২৮,১২৫/- টাকা, (গ) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কর্মসূচী- চলতি ২০২১-২০২২ বছরের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৬টি ব্যাচে ৪০০ জন, অগ্রগতি ১৬টি ব্যাচে ৪০০ জনকে প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ সাপেক্ষে স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ করা যাবে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ৮৯৯৯ জন। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১ নম্বর | গৃহীত কর্মসূচিতে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয়, সে বিষয়ে সতর্কতা অবলম্বনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে সাধারণ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-নগদ অর্থ) উন্নয়ন ১ম পর্যায়ে বরাদ্দ ৪৫,৪৫,৬২২.২৮ টাকা। গৃহীত প্রকল্প-১১টি, বাস্তবায়িত প্রকল্প-১০টি, কাজের অগ্রগতির হার ৯৫.৩০%। সাধারণ টি,আর-(উন্নয়ন) ১ম পর্যায়ে বরাদ্দ ২৫,৫৩,৬৪৬/৩১ মেঃ টন, গৃহীত প্রকল্প-২৬টি, সমাপ্তকৃত প্রকল্প-২০টি, কাজের অগ্রগতির হার ৯৮%, টি,আর নির্বাচনী ১ম পর্যায়ে বরাদ্দ ২৯,৭৪,৬০০/- টাকা, গৃহীত প্রকল্প-৪৪টি, সমাপ্তকৃত প্রকল্প-৪০টি, কাজের অগ্রগতির হার ৯৮%, সংরক্ষিত এলাকা ভিত্তিক বরাদ্দ-১১,০০,০০০/- টাকা, গৃহীত প্রকল্প-০৫টি, গোদাগাড়ী পৌরসভা টি,আর উন্নয়ন ১ম পর্যায়ে বরাদ্দ ২,৯৭,৫৮৫/৮৬ টাকা, গৃহীত প্রকল্প-০৬টি, সমাপ্তকৃত প্রকল্প-০৪টি, কাজের অগ্রগতির হার ৯৫%, কাঁকনহাট পৌরসভা টি,আর উন্নয়ন ১ম পর্যায়ে বরাদ্দ ৩,৪৫,০১৪/৪৩ টাকা, গৃহীত প্রকল্প-০৩টি, কাজের অগ্রগতির হার ৯৫%, টি,আর-সংরক্ষিত উন্নয়ন-১ম পর্যায়ে বরাদ্দ ১১,০০,০০০/-টাকা, গৃহীত প্রকল্প-০৫টি, সমাপ্তকৃত প্রকল্প-০২টি, কাজের অগ্রগতির হার-৯৭%। ২০২০-২০২১ অর্থ বছরে সাধারণ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উন্নয়ন ২য় পর্যায়ে বরাদ্দ ৩৩,৩৯,১৭৮.০৫ টাকা, সাধারণ টি,আর-(উন্নয়ন) ২য় পর্যায়ে বরাদ্দ ২৫,৫৩,৬৪৬.৩১ টাকা, কাবিটা-নির্বাচনী উন্নয়ন ২য় পর্যায়ে বরাদ্দ ৩১,৬৭,৯২০/- টাকা, সমাপ্তকৃত প্রকল্প-০০টি, কাজের অগ্রগতির হার-৫০%, টি,আর নির্বাচনী ২য় পর্যায়ে বরাদ্দ ২৯,৭৪,৬০০/- টাকা, কাজের অগ্রগতির হার ৫০%, গোদাগাড়ী পৌরসভা টি,আর উন্নয়ন ২য় পর্যায়ে বরাদ্দ ২,৯৭,৫৮৫/৮৬ টাকা, কাঁকনহাট পৌরসভা টি,আর উন্নয়ন ২য় পর্যায়ে বরাদ্দ ৩,৪৫,০১৪/৪৩ টাকা, বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী কর্তৃক বরাদ্দ- ১,০০,০০০/- গৃহীত প্রকল্প ০১টি, দূর্যোগ সহনীয় বাসগৃহ নির্মান-২য় পর্যায়ে বরাদ্দ ৭,৬৫,৭০,০০০/- টাকা, গৃহীত বাসগৃহ ৪০৩টি, কাজ শুরু হওয়া প্রকল্প সংখ্যা-৩১০টি, কাজের অগ্রগতির হার-৮০%। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১,২, ৯ ও ১১ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১২ | উপজেলা সমাজসেবা বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা সমাজসেবা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার ৪র্থ কিস্তির এপ্রিল/২০২১ হতে জুন/২০২১ পর্যন্ত ০৩ মাসের বরাদ্দ পাওয়া গেছে এবং ভাতা বিতরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে শতভাগ বয়স্ক ও বিধবা ভাতার অনুকূলে পৌরসভা/ইউনিয়নের বরাদ্দ পাওয়া গেছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় জিটিপি পদ্ধতিতে সরাসরি সুবিধাভোগীর নিকট Mobile Financial Service প্রতিষ্ঠান হিসেবে নগদ এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে সরাসরি ভাতাভোগীর মোবাইল ব্যাংকিং এর হিসাবে ভাতার টাকা পরিশোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১ ও ২ নম্বর | তাঁর দপ্তরের প্রতিবন্ধী ভাতাভোগীর বিশেষ বরাদ্দসহ সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) মেয়র/ চেয়ারম্যান পৌরসভা/ ইউনিয়ন (সকল) (২) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোদাগাড়ী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩.১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে এনএনজিপিএস প্রকল্পের আওতায় ১৩টি বিদ্যালয়ে দ্বিতল বিশিষ্ট ওয়াশব্লক নির্মাণ বাবদ-১৯২.৬০ লক্ষ টাকার বিপরীতে কাজের অগ্রগতির হার-৯০%। বাংলাদেশের ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (জিওবি-আইডিবি) প্রকল্পের আওতায় গোদাগাড়ী পৌরসভায় সলিড ওয়েস্ট কম্পোজিট সিস্টেম, স্লাস ট্রিটমেন্ট প্ল্যান্ট, প্রাইমারী ড্রেন, পাবলিক টয়লেট, কমিউনিটি টয়লেট, কমিউনাল বিন নির্মাণ কাজের বরাদ্দ ১৯৬১.০৫ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার ৩০%। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৩টি সাবমারসিবল পাম্পযুক্ত নলকুপ স্থাপনের বরাদ্দ ১৪.১৩ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার- ১০০%। রাজস্ব তহবিলের আওতায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে ৬০টি পানির উৎস স্থাপনের বরাদ্দ- ৫৯.০০ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার- ১০০%। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৬ নম্বর | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগীয় সকল প্রকল্পগুলোতে যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১৪ | উপজেলা সমবায় দপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা সমবায় অফিসার, গোদাগাড়ী, রাজশাহীর প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতিগুলো তাঁর দপ্তরের মাধ্যমে নিবন্ধন করা হয়। বর্তমানে নিবন্ধনকৃত সমিতির সংখ্যা-৩৫০টি। উল্লেখ্য মৎস্যজীবি সমিতি-৪০টি, মৎস্যচাষী সমিতি-১৮৩টি, যুব সমিতি-০২টি, বহুমুখী সমিতি-১০টি, সঞ্চয় ও ঋণদাণ সমিতি-১৫টি, ক্রেডিট ইউনিয়ন-০২টি, ক্রেডিট সোসাইটি-০১টি, শ্রমিক-০৩টি, পরিবহণ ০৩টি, ভোগ্যপণ্য সমিতি-০৪টি, পানি ব্যবস্থাপনা সমিতি-০৪টি, আশ্রয়ণ সমিতি-০৪টি, কৃষি সমিতি ০৬টি, ব্যবসায়ী/বণিক সমিতি-০৩টি, মুক্তিযোদ্ধা সমিতি-০১টি, মহিলা সমিতি-০৮টি, সার্বিক গ্রাম উন্নয়ন-২১, ক্ষুদ্র নৃ-তাত্বিক সমিতি-১০টি, সিআইজি ২৭টি অন্যান্য-০৩টি। তন্মধ্যে কার্যকর সমিতির সংখ্যা-৩৩৭টি ও অকার্যকর সমিতির সংখ্যা-০৭টি রয়েছে। উল্লিখিত সমিতি গুলির বার্ষিক অডিট সম্পাদন করা হয়। ২০১৯-২০২০ সালের অডিট যোগ্য ৩২৭টি সমিতির মধ্যে মার্চ/ ২০২১ মাস পর্যন্ত ৩২৭টি সমিতির অডিট কাজ সম্পুন্ন হয়েছে। ২০১৮-১৯ সালের অডিট নোটের বিত্তিতে অডিট ফি বাবদ- ১,৩৯,৪৮০/- টাকা ধার্য্য হয়েছে। বর্তমান মাস পর্যন্ত ১,৩৯,৪৮০/- টাকা আদায়পূর্বক সরকারি সংশ্লিষ্ট কোষাগারে জমা করা হয়েছে এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ধার্য্য ছিল ৯০,৪৮২/- টাকা। বর্তমানে মাস পর্যন্ত ৯০,৪৮২/- টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে সংশ্লিষ্ট জমা করা হয়েছে। এছাড়াও এই উপজেলায় সমবায় বিভাগ থেকে ০২ টি আশ্রয়ণ প্রকল্পে কাজ হাতে নেয়া হয়েছে। প্রকল্প গুলির ০১টি "সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন" প্রকল্পে ০২টি সমিতি নিবন্ধন হয়েছে। ০২টি হচ্ছে ক্ষুদ্র "নৃ-তাত্বিক জনগোষ্ঠীরজীবন যাত্রার উন্নয়ন" প্রকল্পের ১০টি সমিতির মধ্যে ১০টি নিবন্ধন সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে সুবিধাভোগীদের প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় ০২টি সমিতির মধ্যে ২০০জন সদস্য রয়েছে তার মধ্যে ২০০জন সদস্যদের মধ্যে ১,২০,০০০/- করে মোট ২,৪০,০০০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণের আসল আদায় ১,০৭,২২,২২০/- টাকা ও সার্ভিস চার্জ আদায় ৬,৩২,০০০/- টাকা "নৃ-তাত্বিক জনগোষ্ঠীর জীবন যাত্রার উন্নয়ন" প্রকল্পের সুবিধাভোগীদের ১০টি সমিতির মাঝে ২৫২জন সদস্যের মধ্যে ৩৫,৯৪,৩০০/- টাকা ঋণের চেক বিতরণ করা হয়েছে। ঋণের আসল আদায়ের পরিমাণ ২২,৭৫,৭৬১/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৭৭,৮১৭/- টাকা। ১০টি সমবায় সমিতির সঞ্চয় আদায়ের পরিমাণ ৪,৯১,১৫০/- টাকা শেয়ার পরিমাণ ২০,০০০/- টাকা। আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় তথ্য নিম্নরুপঃ (১) বলিয়াডাইং আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৯,৫৫,০০০/- টাকা, আদায়কৃত ৮,০২,৬৪৫/-টাকা, আদায়যোগ্য ঋণ-৯,৫৫০০০/- টাকা, আদায়ের হার-৮৪% (২) দেওপাড়া আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৬,০৫,০০০/-টাকা, আদায়কৃত ঋণ-৬,০৮,২৭০/- টাকা, আদায়যোগ্য ঋণ-৬,০৫,০০০/-টাকা, আদায়ের হার-১০০% (৩) আগোলপুর আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৩,১০,০০০/-টাকা, আদায়কৃত ঋণ-২,৩৮,২৬০/- টাকা, আদায়যোগ্য ঋণ-৩,১০,০০০/-টাকা, আদায়ের হার-৭৭% এবং (৪) কামদেবপুর আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৬,০০,৫০০/-টাকা, আদায়কৃত ঋণ-৪,৯৮,৭৫৮/- টাকা, আদায়যোগ্য ঋণ-৬,০০,৫০০/- টাকা, আদায়ের হার-৮৩%। আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম তদারকি ও ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১,২ ও ৮ নম্বর | আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম তদারকিসহ ঋণ বিতরণ ও ঋণ আদায়ের ক্ষেত্রে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয় সে বিষয়ে সর্তক দৃষ্টি রাখাসহ ঋণের আদায়ের হার বাড়ানোর বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১৫ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, বিআরডিবি অন্যতম বৃহৎ ক্ষুদ্র ঋণ প্রদানকারী সরকারি প্রতিষ্ঠান। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর লালিত স্বপ্ন সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে এ প্রতিষ্ঠানটি গ্রামীণ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে ঋণ কার্যক্রম সহ ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে থাকে। এই দপ্তরের অধীনে রেজিস্ট্রেশনভুক্ত সমিতির সংখ্যা-২১১টি। বীরমুক্তিযোদ্ধা ও তাঁর পোষ্যদের জন্য প্রশিক্ষণ, এবং আত্নকর্মসংস্থান কর্মসূচি, মহিলা উন্নয়ন অনুবিভাগ, কৃষক সমবায় সমিতি, সদাবিক, পল্লী প্রগতি প্রকল্প, আদর্শ গ্রাম-২, গুচ্ছ গ্রাম ও পিআরডিপি-৩, প্রকল্প ও "দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসুচি"র আওতায় পুঁজিগঠন ও আয়বর্ধন | ১ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | মূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং এ প্রকল্পের আওতায় ৫৭০টি পরিবার খানা জরিপ ও ১২টি দল গঠন কার্যক্রম চলমান রয়েছে এবং আলোচ্য মাসে ১টি দল গঠন করা হয়েছে। ২০২০-২১ অর্থ বছরে এই দপ্তরের ৬০০ জনকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে। আলোচ্য মাসে কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি। ২০২০-২১ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩ কোটি ৭৭ লক্ষ ৫০ হাজার টাকা এবং এর বিপরীতে এই দপ্তর থেকে ২০২০-২১ অর্থ বছরে ঋণ বিতরণ হয়নি। জুলাই/২০২১ মোট ঋণ আদায় করা হয়েছে ১৮.৮৫ টাকা। গুচ্ছগ্রাম প্রকল্পে ঋণ বিতরণ নাই। অপ্রধান শস্য কর্মসূচি মাসিক ঋণ বিতরণ হয়েছে ১.৯৫ টাকা। পিআডিপি-৩ প্রকল্পের আওতায় বর্তমানে রিশিকুল ও গোদাগাড়ী ইউনিয়নে কার্যক্রম চালু আছে। ২০২০-২০২১ অর্থ বছরে ০৪টি স্কিম বাস্তবায়নের বাজেট পাওয়া গেছে। ইতিমধ্যে ০১টি প্রকল্পের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল পাওয়া গেছে ১৩৭.০০ লক্ষ টাকা। এছাড়াও তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | | |
| ৩.১৬ | **উপজেলা সামাজিক বন ও নার্সারি বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী** | উপজেলা বন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, গোদাগাড়ী উপজেলায় ২০২০-২০২১ অর্থ বিক্রয়ের জন্য ফলজ, বনজ ও ঔষধি ৫,০০০টি চারা উত্তোলন করা হয়েছে এবং পদ্মার নির্মল চরে ১০.০০ হেক্টর বাগান সৃজনের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও মোহনপুর ইউনিয়নের ঝিকড়া ও মুরহট্ট মৌজায় ৫.০ কিঃমিঃ স্ট্রীপ বাগান সৃজনের কাজ সম্পন্ন হয়েছে যা ১৬/০৮/২০২১ খ্রিষ্টাব্দে বিভাগীয় বন কর্মকর্তা পরিদর্শন করেন। এছাড়াও তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৫ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা বন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১৭ | বিদ্যুৎ বিভাগ (নেসকো লিঃ), গোদাগাড়ী, রাজশাহী | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লিঃ, গোদাগাড়ী, রাজশাহী দপ্তরের আওতাধীন বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, বিউবো কর্তৃক গোদাগাড়ীতে ৩৩/১১ কেভি ২x১০ এমভিএ রেগুলার টাইপ উপকেন্দ্রের কাজ চলমান রয়েছে। চর আষাড়িয়াদহ (পদ্মা নদীর ওপার) এলাকায় সোলার হোম সিষ্টেম এর মাধ্যমে নেসকো লিঃ এর নিজস্ব অর্থায়নে বিদ্যুতায়নের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে নেসকো লিঃ এর নিজস্ব প্রকল্পের মাধ্যমে নন-ষ্ট্যান্ডার্ড ও ঝুকিপূর্ণ লাইন সমূহের রিনোভেশন কাজ চলমান আছে। তাছাড়া ওয়ান স্টপ সার্ভিস সেন্টার এর মাধ্যমে স্বল্প সময়ে ঝামেলামুক্তভাবে বিদ্যুতের নতুন সংযোগ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। | ৭ নম্বর | বিদ্যুৎ সংযোগ বিতরণ ও নবায়নের ক্ষেত্রে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয়, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, গোদাগাড়ী, নেসকো লিঃ, রাজশাহী |
| ৩.১৮ | পল্লী বিদ্যুৎ সমিতি, কাকনহাট জোনাল অফিস, গোদাগাড়ী, রাজশাহী | ডেপুটি জেনারেল ম্যানেজার, কাকনহাট জোনাল অফিস, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরনের মাধ্যমে জাতির পিতার জন্মশতবার্ষিকীতে বিজয়ের মাসে মুজিব বর্ষ পল্লী বিদ্যুতের সেবাবর্ষ হিসেবে শতভাগ বিদ্যুৎ পাওয়া নিশ্চিত করার লক্ষ্যে নতুনভাবে গড়ে উঠা বাড়ি/ঘর, সরকারি খাস জায়গায় লাইন নির্মাণপূর্বক মুজিব শতবর্ষে বিদ্যুৎ সংযোগের কার্যক্রম চলমান আছে। নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরনের সাথে সাথে স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করত ভাংগাখুটি/দূর্বল খুটি পরিবর্তন, পোল সোজাকরণ, কাট আউট পরিবর্তন, ট্রান্সফরমার সঠিকমানের ফিউজ স্থাপনসহ সকল জরুরি কাজ চলমান আছে। "মুজিব বর্ষ" পল্লী বিদ্যুতের সেবা বর্ষ হিসাবে প্রতিপালনের জন্য আলোর ফেরিওয়ালা, উঠান বৈঠক এবং গনশুনানী কর্মসূচির মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়নকরণের লক্ষে প্রান্তিক পর্যায়ে কার্যক্রম চলমান আছে। জুলাই/২০২১ মাসে সাবমারসিবল (এলটি-এ) ৩৭৪, বানিজ্যিক (এলটি-ই) ১৯, দাতব্য প্রতিষ্ঠান (এলটি-ডি-১) ০৫টি, ক্ষুদ্র শিল্প (এলটি-সি-১) ০৩টি, পানির পাম্প ০৩ টিসহ মোট ৪০৮ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। গ্রাহক সেবার স্বার্থে বিভিন্ন সাইজের ৪২টি নষ্ট ট্রান্সফরমার দ্রুততম সময়ে পরিবর্তন করে বিদ্যুৎ সরবরাহ সচল রাখা হয়েছে। ট্রান্সফরমার চুরিরোধ কল্পে উঠান বৈঠক, গণশুনানী ও মাইকিং এর মাধ্যমে গ্রাহকদের সচেতন করা হচ্ছে। তাছাড়া জনপ্রতিনিধি, উপজেলা প্রশাসন, আইন-শৃংখলা বাহিনীকে বিষয়টি অবহিতকরণসহ চুরি বন্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে শিল্পক্ষেত্রে বিশেষ সুবিধা প্রদান স্বরুপ ৫০মিঃ লোড পর্যন্ত বিনামূল্যে ট্রান্সফরমার সরবরাহ/০২স্পান পর্যন্ত লাইন নির্মানপূর্বক ০৪টি শিল্প সংযোগ প্রদান করা হয়েছে এবং মান সম্মত বিদ্যুৎ সরবরাহের উদ্দেশ্যে বিভিন্ন সাইজের ০৪টি ট্রান্সফরমার আপগ্রেড করা হয়েছে। এছাড়াও পল্লী বিদ্যুতায়ন সিস্টেমের অপারেশন ও রক্ষনাবেক্ষণের সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে। | ৭ নম্বর | গ্রাহক পর্যায়ে সেবার মান বৃদ্ধিসহ কোন ব্যক্তি যেন হয়রানির স্বীকার না হয় সে বিষয় সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কাকনহাট জোনাল অফিস, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.১৯ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ), গোদাগাড়ী জোন-১, রাজশাহী | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-১ এর প্রতিনিধি সভায় জানান যে, গোদাগাড়ী জোন-১ আওতায় ৩৮৪টি গভীর নলকুপ চালু রয়েছে। এছাড়া সেচ কার্যক্রমে ৩৬টি বিদ্যুৎ চালিত এলএলপি ও ২৪টি সোলার পাম্প চালিত মোট ৬০টি এলএলপি চালু রয়েছে। এ সকল সেচ যন্ত্র দ্বারা আমন মৌসুমে প্রায় ১০৭৮৫ হেক্টর জমিতে সেচ প্রদান সুষ্ঠুভাবে চলছে এবং সকল সকল সেচযন্ত্র সচল রাখা হয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ১০০টি ফলদ বৃক্ষ বিনামূল্যে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে ৫২ টি গভীর নলকুপে স্থাপিত খাবার পানি সরবরাহ স্থাপনার মাধ্যমে সুপেয় খাবার পানি সরবরাহ করা হচ্ছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ১,২,৮,৯ ও ১১ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-১, রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩.২০ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ), কাকনহাট জোন-২, রাজশাহী | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, কাকনহাট জোন-২ এর প্রতিনিধি সভায় জানান যে, গোদাগাড়ী জোন-২ আওতায় ৩৩০টি গভীর নলকূপ চালু রয়েছে। এ সকল সেচযন্ত্র দ্বারা চলতি আমন, আউশ ও রবি মৌসুমে ১২৫০৭ হেক্টর আমনসহ অন্যান্য ফসলের জমিতে সেচ প্রদান করা হচ্ছে এবং সেচচার্জ আদায় হয়েছে ৪৫২২৩০০/- টাকা, বর্তমানে ৭৮টি গভীর নলকূপে স্থাপিত খাবার পানি সরবরাহ স্থাপনার মাধ্যমে প্রায় ২৭৩০০ জন উপকারভোগীদের সুপেয় খাবার পানি সরবরাহ করা হচ্ছে। করোনা দুর্যোগ মোকাবেলায় প্রণোদনা বাবদ ২০,৭৩,৪৩৭/- টাকা কৃষকদের সেচ প্রনোদনার কার্যক্রম সম্পন্ন হয়েছে। "পুকুর পুনঃখনন ও ভূ-পরিস্থ পানি উন্নয়নের মাধ্যমে ক্ষুদ্র সেচে ব্যবহার" শীর্ষক প্রকল্পের আওতায় এ জোনের অধীনে ৪১টি খাস মজা পুকুর পুনঃ খনন কাজ শুরু হবে চলতি বছরে ২০টি পুকুর পুনঃখননের লক্ষ্যমাত্রা রয়েছে। ডিপিপি তালিকাভুক্ত অনেক পুকুর উপজেলা জল মহাল ব্যবস্থাপনা কমিটি ইজারা প্রদান করেছে বিধায় সে সকল পুকুর পুনঃ খননের জন্য উপজেলা জল মহাল ব্যবস্থাপনা কমিটির সহযোগিতা প্রয়োজন। ইতোমধ্যে ০৭টি পুকুর পুনঃ খনন কার্যক্রম সম্পন্ন হয়েছে। মুজিববর্ষ উপলক্ষে ১০০টি ফলদ, বনজ, ঔষধি ও মসলার বৃক্ষ রোপন করা হয়েছে। চলতি রবি মৌসুমে আবাদের লক্ষ্যে উন্নতমানের ৭৮.১০ মেঃটন জমিতে আমন ধান রোপন করা হয়েছে এবং আরও বোরো ধান রোপন কাজ প্রক্রিয়াধীন রয়েছে। বরেন্দ্র এলাকায় উচ্চ মূল্য অপ্রচলিত ফল ও ঔষধি গাছ ও ফসল চাষাবাদ জনপ্রিয় করণ প্রকল্পের আওতায় চারা, বীজ বিতরণ ও প্রদর্শনী প্লট স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। | ১,২,৮,৯ ও ১১ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, কাকনহাট জোন-২, রাজশাহী |
| ৩.২১ | উপজেলা পরিসংখ্যান অফিস, গোদাগাড়ী, রাজশাহী | পরিসংখ্যান কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, জুলাই/২০২১ মাসে আউস ফসলের নমুনা কর্তন, মৎস্য উৎপাদন জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগী প্রাক্কলন, আউশ ফসলের নমুনা কর্তন তালিকা, আউশ ফসলের মুল্য ও উৎপাদন খরচ জরিপ পরিচালনা করা হয়। "পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দূর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প-২০২১ এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়। জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প এর মাঠ পর্যায়ের জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়। Monitoring the Situation of Vital Statistics of Bangladesh (MSVSB) প্রকল্পের ১১টি তফসিল এর মাধ্যমে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহির্গমন ইত্যাদি জনতাত্ত্বিক তথ্য গোদাগাড়ী উপজেলার ০৪টি নমুনা এলাকায় প্রতি মাসে নিয়মিতভাবে সংগ্রহ করা হচ্ছে। মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ করে জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করা হয়। এছাড়া আম, তিল, পেয়ারা, বাতাবী লেবু, পাতি লেবু, কাগজী লেবু, চিচিংগা ফসলের আনুমানিক হিসাব করে জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করা হয়। এছাড়াও তার দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৭ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, গোদাগাড়ী রাজশাহী |
| ৩.২২ | উপজেলা নির্বাচন অফিস, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা নির্বাচন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, আগামীতে উপ-নির্বাচন পরিচালনা, অনলাইনে জাতীয় পরিচয়পত্র সংশোধন ও হারানো আবেদন গ্রহণ, জাতীয় পরিচয়পত্রের অনলাইন নকল কপি প্রদান, পেপার লেমিনেটিড কার্ড বিতরণ ও ২২টি স্মার্ট কার্ড অফিস হতে বিতরণ করা হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে কোন সমস্যা নাই। | ১৭ নম্বর | তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাচন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.২৩ | উপজেলা খাদ্য বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ভিজিডি খাতে ৭৯.২৬০ মে:টন চাল সরবরাহ করা হয়েছে। ভিজিএফ খাতে ৯টি ইউনিয়নে ১৮৮.৮১০ মে:টন চাল সরবরাহ করা হয়েছে এবং ২টি পৌরসভায় ৯২.৪২০ মে:টন চাল সরবরাহ করা হয়েছে। গোদাগাড়ী এলএসডিতে মোট মজুদকৃত চাল ১৫২২.২২৫ মেঃ টন ও খেতুর রোড এলএসডিতে মোট মজুদকৃত চালু ২২৫,৪২০ মেঃ টন। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ২ নম্বর | তাঁর দপ্তরের কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.২৪ | গোদাগাড়ী ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, গোদাগাড়ী, রাজশাহী | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহীর প্রতিনিধি সভায় জানান যে, গোদাগাড়ী ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতালে জুলাই/২০২১ মাসে বহি: বিভাগে আগত মোট ৩০৪৯ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও জরুরি বিভাগে মোট ২৫৯ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং উন্নত চিকিৎসা সেবার জন্য ২৪ জনকে রেফার্ড করা হয়েছে। এছাড়াও "আন্তঃ বিভাগে চিকিৎসা" ভর্তি রোগী ২৩৫, রেফার্ড রোগী-৩০, এএনসি-১২২, পিএসসি ৪৯, প্রসূতি রোগী ৭১ এবং ৩১০ জনকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। জরুরী বিভাগ এবং আন্তঃ বিভাগ এর মোট রেফার্ড রোগীর সংখ্যা ৪৫ জন। বর্তমানে এই হাসপাতালে ব্যবহৃত এ্যাম্বুলেন্সটি ২১ বছরের অধিক পুরাতন হওয়ায় এবং ইঞ্জিনের কার্য ক্ষমতা হ্রাস পাওয়ায় রোগী পরিবহনের সময় অকেজো হয়ে যায়। ফলে একদিকে যেমন রোগীর প্রাণহানির আশংকা থাকে, অন্যদিকে কর্তৃপক্ষকে জবাবদিহিতামূলক বিড়ম্বনায় পড়তে হয়। এমতাবস্থায়, একটি নতুন এ্যাম্বুলেন্স প্রয়োজন। "স্বাস্থ্য মন্ত্রণালয়ের আদেশক্রমে এই স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাস আইসোলেশন ওয়ার্ড স্থাপন করা হয়েছে। "মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে রাজশাহী জেলার স্বাস্থ্য বিভাগ কর্তৃক গৃহীত বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের কাজ চলমান রয়েছে। | ৩ নম্বর | হাসপাতালে চিকিৎসা নিতে আসা কোন রোগী যেন চিকিৎসা সেবা হতে বঞ্চিত না হয় সে বিষয় সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, গোদাগাড়ী, রাজশাহী |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | এসডিজি এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩.২৫ | ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, গোদাগাড়ী উপজেলায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র-৬৬টি, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, সহজ কুরআন শিক্ষা কেন্দ্র-৯৫টি, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, বয়স্ক শিক্ষা কেন্দ্র-০১টি, মডেল রিসোর্স সেন্টার-০১টি, সাধারণ রিসোর্স সেন্টার-০৬টি, মডেল মসজিদ পাঠাগার-০১টি এবং উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র -০১টি কাজ শেষ পর্যায়ে। করোনা ভাইরাসের সংক্রমণের কারণে আপাতত শিক্ষা কেন্দ্র সমূহ বন্ধ রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৭ নম্বর | মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী |
| ৩.২৬ | আমার বাড়ি আমার খামার, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, "আমার বাড়ি আমার খামার" মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার মূলক প্রকল্প। এ প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ০২টি পৌরসভা ও ৯টি ইউনিয়নে মোট ১৭৭টি সমিতি গঠিত হয়। চলতি মাস পর্যন্ত এর উপকারভোগী সদস্য সংখ্যা ৭৯২৮জন। চলতি মাসে সঞ্চয় ৪,৪৫,০০০/- টাকা। এ পর্যন্ত ক্রমপুঞ্জিত সঞ্চয় ২,৮৪,৪৬,০০০/- টাকা। ১৭৭টি সমিতির ৮৩৪২ জন সদস্যের মধ্যে মোট ঋণ বিতরণ হয় ১১,৫২,৭০,০০০/- টাকা, মোট ঋণ আদায় হয় ৪,৫৫,২৮,০০০/-টাকা। ঋণ খেলাপীর পরিমাণ ১,৯৪,৪০,০০০/- টাকা এবং সকল ইউনিয়নে সমিতি গঠনের কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৭ নম্বর | খেলাপী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণসহ তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ৩.২৭ | উপজেলা তথ্য কেন্দ্র, গোদাগাড়ী, রাজশাহী | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা ৪০০জন, ডোর টু ডোর সেবা গ্রহীতার সংখ্যা ১০০০ জন। জুলাই/২০২১ মাসে করোনা পরিস্থিতির কারনে ডোর টু ডোর এবং উঠান বৈঠকের আয়োজন বন্ধ রয়েছে। বর্তমানে গ্রামীন সুবিধাবঞ্চিত নারীদেরকে তথ্যকেন্দ্রের মাধ্যমে গ্রামীন নারী উদ্যোক্তাদের ই-কমার্স প্লাটফর্মে অর্ন্তভূক্তির জন্য তাদের পণ্য ও সেবা দেশব্যাপী প্রসার ঘটানোর জন্য লাল সবুজ.কম এর কার্যক্রম শুরু হয়েছে। এ লক্ষ্যে উপজেলা তথ্যকেন্দ্রে মহিলা উদ্যোক্তাদের লালসবুজ.কম এ নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তার দপ্তরের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১৭ নম্বর | উপজেলা তথ্যকেন্দ্রের সেবা প্রদান কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |

**৪. বিবিধ আলোচনা ঃ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী সভায় জুলাই/২০২১ পর্যন্ত তাঁর নিজসহ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর ভ্রমণ ব্যয় বিল সভায় উপস্থাপন করে তা অনুমোদনসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য অনুরোধ জানান। | দাখিলকৃত ভ্রমণ ব্যয় বিলসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বিলের অর্থ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ৪.২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী সভায় জুলাই/২০২১ মাসের তাঁর নিজসহ মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে গঠিত ১৭টি উপজেলা স্থায়ী কমিটির সভার আপ্যায়নের ব্যয় বাবদ বিল সভায় উপস্থাপন করে তা অনুমোদনসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়িত ব্যয়োত্তর অনুমোদনের জন্য অনুরোধ জানান। | দাখিলকৃত ১৭টি উপজেলা স্থায়ী কমিটির সভার আপ্যায়ন ব্যয় বিলসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বিলের অর্থ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ৪.৩ | উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, (উপজেলা-১ শাখা) ঢাকার ১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ তারিখের ৪৬. ০৪৬.০২৬. ০০.০০. ০৫৪. ২০১৩-২৬৪/১(৯)নং স্মারকের ৩নং ক্রমিকের "প" অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় সাপেক্ষে উপজেলা পরিষদ ভবন ও আশ-পাশ এলাকায় ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা যাবে। উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা পরিষদ ভবন ও আশপাশ এলাকায় ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করার বিষয়ে সভায় সভাসদদের দৃষ্টি আকর্ষণ করেন। | সরকারি নীতিমালা অনুসরণপূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ২০২১-২০২২ অর্থ বছরে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকায় উপজেলা পরিষদ ভবন ও আশপাশ এলাকায় ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) উপজেলা পরিষদ চেয়ারম্যান, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৪.৪ | উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, (উপজেলা-১ শাখা) ঢাকার ১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ তারিখের ৪৬. ০৪৬.০২৬. ০০.০০. ০৫৪. ২০১৩-২৬৪/১(৯)নং স্মারকের ৩নং ক্রমিকের "ভ" অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক বর্জ্য ব্যবস্থাপনা ও পরিস্কার-পরিচ্ছন্নতা জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রতি বছর ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে। তারই ধারাবাহিকতায় ডেঙ্গু নিয়ন্ত্রণ ও উপজেলা পরিষদ চত্ত্বরসহ সরকারি বাসা বাড়ী সামনে-পিছনে পরিস্কার পরিচ্ছন্নতা এবং কোরবানীর পশুর বর্জ্য অপসারনের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বর্ণিত পরিমাণ অর্থ ব্যয় করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | সরকারি নীতিমালা অনুসরণপূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ২০২১-২০২২ অর্থ বছরে ডেঙ্গু নিয়ন্ত্রণ ও উপজেলা পরিষদ চত্ত্বরসহ সরকারি বাসা বাড়ী সামনে-পিছনে পরিস্কার-পরিচ্ছন্নতার লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| | হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২৯ জুলাই ২০২১ হতে ২৮ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের বিভিন্ন বাসা বাড়ীর ছোট-খাট মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি ব্যয়িত উক্ত অর্থের ব্যয়োত্তর অনুমোদনের জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের বিভিন্ন বাসা বাড়ীর ছোট-খাট মেরামত বাবদ ব্যয়িত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সভায় সর্বসম্মতি ক্রমে ব্যয়োত্তর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাহাঙ্গীর আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
গোদাগাড়ী, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী
Web: godagari.rajshahi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১.৩৪.০০০.১৩.০০১.২০২১- ১৪৭৬(৫০) তারিখ ঃ ১৩ আশ্বিন ১৪২৮
২৮ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। জনাব আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ৫২, রাজশাহী-১, (গোদাগাড়ী-তানোর) মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫। জেলা প্রশাসক, রাজশাহী।
০৬। মেয়র, গোদাগাড়ী/কাঁকনহাট পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
০৮। চেয়ারম্যান, ...................................... ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
০৯। উপজেলা .................................................................... অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
১০। উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য, ০১, ০২, ০৩ ও ০৪ নং ওয়ার্ড, গোদাগাড়ী, রাজশাহী।
১১। ..........................................................................................

২৮/৯/২০২১

(মোঃ জানে আলম)
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী
টেলিফোন: ০২৪৭৮-৫৬০০৭(অফিস)
ই-মেইল নং-unogodagari@mopa.gov.bd

## ২৯ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী | স্বাক্ষরিত/- |
| ০২. | জনাব মোঃ জানে আলম, উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৩. | জনাব মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৪. | মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৫. | জনাব মোঃ রুহুল আমিন, চেয়ারম্যান, গোদাগাড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৬. | জনাব মোঃ মোস্তফা হোসেন, চেয়ারম্যান, মোহনপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৭. | জনাব মোঃ শহিদুল করিম, চেয়ারম্যান, মাটিকাটা ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৮. | জনাব মোঃ সানাউল্লাহ, চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ০৯. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১১. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১২. | উপজেলা প্রকৌশলী, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১৩. | উপজেলা সমাজসেবা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১৪. | উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |

| | | |
|---|---|---|
| ১৬. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১৭. | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, গোদাগাড়ী, নেসকো লিঃ, রাজশাহী | ” |
| ১৮. | ডেপুটি জেনারেল ম্যানেজার, কাঁকনহাট জোনাল অফিস, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ১৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২০. | উপজেলা যুব উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২১. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-১, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২২. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৩. | উপজেলা ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৪. | উপজেলা বন কর্মকর্তা, উপজেলা সামাজিক নার্সারী ও বনায়ন কেন্দ্র, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৫. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৬. | উপজেলা নির্বাচন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৭. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৮. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা, ৩১ শয্যা হাসপাতাল, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ২৯. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী | ” |
| ৩০. | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, গোদাগাড়ী, রাজশাহী | ” |

**২৯ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভায় উপস্থিত প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট “খ” ঃ**

| | |
|---|---|
| ০১. | মেয়র, কাঁকনহাট পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |

**২৯ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “গ” ঃ**

| | |
|---|---|
| ০১. | মেয়র, গোদাগাড়ী পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী |
| ০২. | পাকড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৩. | চেয়ারম্যান, দেওপাড়া ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৪. | জনাব মোঃ শহিদুল ইসলাম, চেয়ারম্যান, রিশিকুল ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৫. | জনাব মোঃ মজিবর রহমান, চেয়ারম্যান, গোগ্রাম ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৬. | জনাব মোঃ হাবিবুর রহমান, চেয়ারম্যান, বাসুদেবপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৭. | অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৮. | উপজেলা সমবায় অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী |
| ১০ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-২, কাকনহাট, গোদাগাড়ী, রাজশাহী |
| ১১ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, গোদাগাড়ী, রাজশাহী |
| ১২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহী |
| ১৩ | মোছাঃ দিনা ইসলাম, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০১, গোদাগাড়ী, রাজশাহী |
| ১৪ | মোসাঃ সালেহা খাতুন, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০২, গোদাগাড়ী, রাজশাহী |
| ১৫ | মোসাঃ নুরজাহান বেগম, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০৩, গোদাগাড়ী, রাজশাহী |
| ১৬ | মোসাঃ ইসমত আরা বেগম, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০৪, গোদাগাড়ী, রাজশাহী |